

AP-২  
Website ১৬ (৩১) ০০০০  
১২/১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা বিভাগ  
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ  
সমন্বয় শাখা ২

নং-২০.০০.০০০০.৪০৪.০১৪.০৬১.২০২০ (অংশ-২)/৫১

তারিখ: ১৬ মাঘ ১৪২৯  
৩০ জানুয়ারি ২০২৩

বিষয়: পরিকল্পনা বিভাগ হতে ১২ জুন ২০২২ তারিখে ২০.০০.০০০০.৪০৪.০১৪.০৬১.২০২০(অংশ-১)/১৩৩ নং স্মারকে জারিকৃত 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা'র স্পষ্টীকরণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন কিংবা রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের শতভাগ নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্প পরিকল্পনা বিভাগ হতে ১২ জুন ২০২২ তারিখে ২০.০০.০০০০.৪০৪.০১৪.০৬১.২০২০(অংশ-১)/১৩৩ নং স্মারকে জারিকৃত পরিপত্রের ১১.২.৪ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুযায়ী উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে অনুমোদিত হলে উক্ত প্রকল্পের তৃতীয় সংশোধন এবং তৃতীয়/চতুর্থ বার মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষ নির্ধারণ সম্পর্কিত বিষয় নিম্নরূপে নিম্পন্ন হবে:

- (ক) স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন কিংবা রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের শতভাগ নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের সংশোধন, আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় ও মেয়াদ বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার ১১.২.৫ অনুচ্ছেদ অনুযায়ী উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে থাকবে। কোন প্রকল্পের তৃতীয় সংশোধন একান্ত অপরিহার্য হলে তা ডিপিইসি'র সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। তবে প্রকল্প সংশোধনের ফলে ২০ একরের বেশি জমি অধিগ্রহণ/ব্যবহারের বিষয় দেখা দিলে সেক্ষেত্রে প্রকল্প সংশোধন পরিকল্পনা কমিশনের মাধ্যমে প্রক্রিয়াকরণ করতে হবে।
- (খ) স্বায়ত্তশাসিত সংস্থা/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন কিংবা রাষ্ট্রায়ত্ত কোম্পানিসমূহের শতভাগ নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে তৃতীয়/চতুর্থ বার মেয়াদ বৃদ্ধি একান্ত অপরিহার্য হলে মেয়াদ বৃদ্ধির বিষয়ও আইএমইডি'র সুপারিশক্রমে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ পর্যায়েই নিম্পন্ন হবে।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর  
পরিকল্পনা বিভাগ  
১২/১৩  
৩০/০১/২০২৩  
সিটি সেক্স  
তাহমিনা তাহলীম  
যুগ্মসচিব (একনেক)  
পরিকল্পনা বিভাগ

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব, -----
৪. সদস্য, ----- বিভাগ, পরিকল্পনা কমিশন।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব ১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।